

প্রতি,

চীফ রিপোর্টার/বার্তা সম্পাদক

বিষয়: আগামী ২৭ জুন [শুক্রবার] ২০২৫ সকাল ১০:৩০ মিনিটে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধনে, স্পেনের সেভিলায় অনুষ্ঠিতব্য “ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট” সম্মেলনের প্রাক্কালে নাগরিক সমাজের অবস্থান তুলে ধরতে আপনার বহুল প্রচারিত সংবাদমাধ্যম থেকে একজন সংবাদদাতা এবং আলোকচিত্র শিল্পী প্রেরণ প্রসঙ্গে।

শ্রদ্ধাভাজনেষু,

ইকুইটিবিডি সচিবালয় ও সমমনা সংগঠনের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানবেন।

আপনারা অবগত আছেন যে, আগামী ৩০ জুন হতে ৩ জুলাই ২০২৫ পর্যন্ত স্পেনের সেভিলায় জাতিসংঘের নেতৃত্বে “ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট (FfD-4)” শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই সম্মেলন জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নের অর্থায়ন কাঠামো, ঋণনীতি, জলবায়ু অর্থায়ন এবং স্থানীয় সম্পদ আহরণের মতো গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোকপাত করবে।

প্রেক্ষাপটে, বাংলাদেশের নাগরিক সমাজ হিসেবে আমরা বিশ্বাস করি দেশের ন্যায্য অর্থায়ন, ঋণ দায়বদ্ধতা, এবং জলবায়ু ন্যায্যবিচার প্রতিষ্ঠার প্রক্ষেপে আমাদের কঠিন আন্তর্জাতিক অঙ্গনে পৌঁছে দেওয়া প্রয়োজন বলে আমরা এই মানববন্ধনের আয়োজন করেছি। উক্ত মানববন্ধন এই ধারণা ও প্রচারের জন্য আপনার বহুল প্রচারিত সংবাদমাধ্যম থেকে একজন সংবাদদাতা এবং একজন আলোকচিত্র শিল্পী প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

অনুষ্ঠানের বিবরণঃ তারিখঃ শুক্রবার, ২৭ জুন ২০২৫ , সময়ঃ সকাল ১০:৩০ মিনিট , স্থানঃ জাতীয় প্রেসক্লাবের সম্মুখে।

মানববন্ধনের শিরোনাম : “Not Debt Repayment, We Demand Justice: Cancel the Debt, Change the System”

আপনার সহযোগিতা প্রত্যাশায়।

বিনীত,



মোস্তুফা কামাল আকন্দ

ইকুইটিবিডি সচিবালয় সমন্বয়কারি

মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১

kamal@coastbd.net